

# বাংলা আমার মা যুথিকা বড়ুয়া

বাংলা আমার জন্মভূমি  
বাংলা আমার মা  
মাতৃভাষা বাংলা আমার  
কি যে গড়িমা -  
বাংলা আমার মা ।

বাংলা মায়ের সন্তান ছিল  
অসীম সহ্য শক্তি বীর  
ছিনিয়ে বাংলা দিয়েছে প্রাণ  
করেনি নত উচ্চশীর

শহীদ হয়েছো শূন্য করে  
কত শত দুঃখি মায়ের কোল  
ধন্য তুমি, পণ করেছিলে  
হবোই মোরা হব সফল ।  
আজকের দিনে দুঃখ পাই  
নেই তার নেই - নেই সীমা  
বাংলা আমার মা ।

ইতিহাসের পাতায় লেখা  
থাকবে ওরা চিরদিন -  
রক্ত দিয়ে বাংলার বীর  
করেছে বাংলা মা'য় স্বাধীন ।  
শ্রদ্ধা জানাই আমরা তাঁদের,  
নেই তোমাদের উপমা  
বাংলা আমার মা ।

যুথিকা বড়ুয়া : কানাডা প্রবাসী লেখিকা ও সঙ্গীত শিল্পী ।  
[guddi\\_2003@hotmail.com](mailto:guddi_2003@hotmail.com)